কুয়াকাটায় পর্যটকদের জন্য নতুন সংযোজন ‘তাঁবুঘর’

written by Chandradip News24 | December 27, 2024

পটুয়াখালীর কুয়াকাটা, যা প্রকৃতি, সমুদ্র, সূর্যোদয় ও সূর্যাস্ত উপভোগের জন্য দেশ-বিদেশের হাজারো পর্যটকের প্রিয় স্থান। এবার এই পর্যটন শহরে পর্যটকদের বাড়তি আনন্দ দিতে চালু হলো ‘তাঁবুঘর’। এই অভিনব উদ্যোগটি নিয়েছে ‘নোনা জলের ভেলা’ নামের একটি ইকো ট্যুরিজম প্রতিষ্ঠান।

বৃহস্পতিবার (২৬ ডিসেম্বর) রাত ১১টায় কুয়াকাটা সমুদ্র সৈকতের ঝাউবন সংলগ্ন তালবাগানে অস্থায়ী তাঁবু স্থাপনের মাধ্যমে এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন কলাপাড়া উপজেলা নির্বাহী অফিসার মো. রবিউল ইসলাম। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন গলাচিপা উপজেলা নির্বাহী অফিসার মিজানুর রহমান, কুয়াকাটা হোটেল-মোটেল ওনার্স অ্যাসোসিয়েশনের সভাপতি এমএ মোতালেব শরীফ, কুয়াকাটা প্রেস ক্লাবের সভাপতি রুমান ইমতিয়াজ তুষারসহ পর্যটন সংশ্লিষ্ট অনেক বিশিষ্টজন।

‘নোনা জলের ভেলা’-এর ব্যবস্থাপনা পরিচালক মো. জহিরুল ইসলাম মিরন জানান, তাঁবুঘরের বিশেষ প্যাকেজে পর্যটকরা সমুদ্র ও আশপাশের দ্বীপগুলোতে ঘুরে তাঁবুতে রাত্রিযাপন, ক্যাম্প ফায়ার, সামুদ্রিক

মাছের বারবিকিউ পার্টি এবং নানা বিনোদনমূলক আয়োজন উপভোগ করতে পারবেন। এছাড়া, পর্যটকদের নিরাপত্তা ও সুবিধা নিশ্চিত করাই প্রতিষ্ঠানটির প্রধান লক্ষ্য।

কুয়াকাটা প্রেস ক্লাবের সভাপতি রুমান ইমতিয়াজ তুষার বলেন, “এটি কুয়াকাটায় পর্যটকদের জন্য অত্যন্ত চমৎকার উদ্যোগ। পর্যটকদের বিনোদনের সুযোগ বাড়াতে এমন উদ্যোগ ভবিষ্যতে আরও বেশি গ্রহণ করা উচিত।”

কলাপাড়া উপজেলা নির্বাহী অফিসার মো. রবিউল ইসলাম বলেন, “নোনা জলের ভেলা পর্যটকদের জন্য ইকো ট্যুরিজমের মাধ্যমে সময়োপযোগী পদক্ষেপ নিয়েছে। এটি কুয়াকাটার পর্যটন শিল্পকে আরও উন্নত করতে সাহায্য করবে।”

তাঁবুঘরের এ উদ্যোগ কুয়াকাটার পর্যটন শিল্পে নতুন সম্ভাবনার দুয়ার খুলে দেবে। এটি কেবল কুয়াকাটায় বেড়াতে আসা পর্যটকদের জন্যই নয়, পর্যটন সংশ্লিষ্ট ব্যবসাগুলোর জন্যও গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম